দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 09 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... 2 ...

# কলেজে ভর্তির আবেদন শেষ আজ, ফল ১৬ জুন

■ ইত্তেফাক রিপোর্ট

একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন করার সুযোগ শেষ হচ্ছে আজ বৃহস্পতিবার। দেশের সরকারি-বেসরকারি কলেজগুলোতে ২৬ মে থেকে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির আবেদন শুরু হয়। যারা ফল পুনঃনিরীক্ষণের আবেদন করেছেন তাদেরকেও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে। ১৬-জুন একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। বিলম্ব ফি ছাড়া ১৮ থেকে ৩০ জুন পর্যন্ত ভর্তি হওয়া যাবে। আর বিলম্ব ফি দিয়ে ১০ থেকে ২০ জুলাই পর্যন্ত ভর্তি হতে পারবেন শিক্ষার্থীরা। একাদশের ক্লাস শুরু হবে ১০ জুলাই। কলেজগুলোকে সংশ্লিষ্ট বোর্ডে ৭ থেকে ১৮ আগস্টের মধ্যে রেজিস্ট্রেশন ফি এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা দিতে হবে ২২ আগস্ট থেকে ৩১ আগস্টের মধ্যে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীন এসএসসি পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল গতকাল প্রকাশ করা হয়েছে। মোট ৪৩ হাজার ৫৮০ জন ১ লাখ ১৫ হাজার ৯১৮টি পত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছিলেন। এর মধ্যে অনুত্তীর্ণ থেকে উত্তীর্ণ হয়েছে ২০৫ জন। ২০৫ জনের মধ্যে ১৯৯ জনই জিপিএ-৫ পেয়েছে।